তারিখ: 21 DEC 2017
পৃষ্ঠা: ৪ কলাম: ২

প্রথম আলো

## বিদেশি গণমাধ্যমে বাংলাদেশ

### মাধ্যমিক শিক্ষার উন্নয়নে সহায়তা

বাংলাদেশে মাধ্যমিক স্তরের শিক্ষাব্যবস্থা ও শিক্ষার্থীদের মানোন্নয়নে গত রোববার ৫১ কোটি মার্কিন ডলার সহায়তা অনুমোদন করেছে বিশ্বব্যাংক। 'ট্রান্সফর্মিং সেকেন্ডারি এডুকেশন ফর রেজাল্টস (টিএসইআর)' কর্মসূচির জন্য এ আর্থিক সহায়তা অনুমোদন করা হয়েছে। এর ফলে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির ১ কোটি ৩০ লাখ শিক্ষার্থী উপকৃত হবে। পাঠদান ও পাঠগ্রহণের মান বাড়ানোর পাশাপাশি এই কর্মসূচি শিক্ষার মানোন্নয়ন নিশ্চিত করতে পাঠ্যক্রম আধুনিকীকরণে সহায়তা করবে। নিশ্চিত করবে শিক্ষকদের পেশাগত উন্নয়ন, ব্যবস্থাপনা ও জবাবদিহি। শিক্ষাব্যবস্থার মূল্যায়ন ও পরীক্ষাপদ্ধতি সংস্কারেও এটি সহায়তা করবে। বাংলাদেশ, ভুটান ও নেপালে নিযুক্ত বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর কিমিয়াও ফ্যান বলেন, ১৯৯৩ সালে বিভিন্ন দেশে মাধ্যমিক শিক্ষায় বিশ্বব্যাংকের সহায়তা শুরুর পর এ স্তরে ছাত্রীদের অংশগ্রহণ বিশেষভাবে বেড়েছে। এখন মাধ্যমিক শিক্ষায় নিম্ন ও নিম্ন-মধ্য আয়ের যে গুটিকয়েক দেশ নারী-পুরুষের সমতা অর্জন করেছে বাংলাদেশ সেগুলোর একটি।

● ওয়ার্ল্ড ব্যাংক ডট ওআরজি